গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৮ ফেব্রুয়ারি ২০২১ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | Zoom Application এর ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | Zoom Application এর ভিডিও কনফারেন্স এর উপস্থিতি |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত ২৯ ডিসেম্বর, ২০২০ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:**<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয় আলোচিত হয়।<br>বিভাগের ৫৭টি দপ্তরের মধ্য হতে ৩১টি দপ্তরের প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনের প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) স্ব-স্ব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর ওয়েব সাইটে আপলোড করে এ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর সমূহের সাথে যোগাযোগ করে তথ্য সংগ্রহ নিশ্চিত করতে হবে।<br>(গ) জেলা ও উপজেলা পর্যায়ে বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা কমিটির সভাপতিগণকে পত্র দিতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা<br>(গ) জেলা প্রশাসক, সকল |
| **০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ:**<br>সভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয় অনলাইন প্রশিক্ষণ গ্রহণের বিষয় আলোচিত হয়।সভায় জানানো হয় যে, বিভাগীয় ৫৭টি দপ্তরের মধ্যে ২১টি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণের তথ্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) বিভাগীয় দপ্তরসমূহের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য বিভাগীয় দপ্তরসমূহে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

| | | |
|---|---|---|
| **০৩. তথ্য অধিকার বিষয়ক পুরস্কার:**<br>সভায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২০ এর পুরস্কারের অর্থ ব্যয়ের লক্ষ্যে গৃহীত ০৩টি কার্যক্রমের বিষয়ে আলোচনা করা হয়।<br>(১) মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয়সমূহের বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে জানানো হয় যে, সিলেট ও সুনামগঞ্জ জেলায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে এবং বিজয়ীদের নামের তালিকা পাওয়া গেছে। হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। মার্চের ৪ ও ৫ তারিখের মধ্যে জেলা পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করা হবে বলে অতিরিক্ত জেলা প্রশাসকগণ জানান।<br>(২) সভায় তথ্য অধিকার বিষয়ক যোগাযোগ উপকরণ তৈরির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে মর্মে জানানো হয়।<br>(৩) তথ্য অধিকার বিষয়ক জন অবহিতকরণ সভা (ভার্চুয়াল) আয়োজনের বিষয়ে পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট জানান যে সভা আয়োজন সংক্রান্ত প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। যে কোন সুবিধাজনক সময়ে সভা করা যেতে পারে। | ক. হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার বিতর্ক প্রতিযোগিতা সম্পন্ন করে আগামী ৫ মার্চ, ২০২১ তারিখের মধ্যে বিজয়ী দলের তালিকা প্রেরণ করতে হবে।<br>খ. তথ্য অধিকার বিষয়ক যোগাযোগ উপকরণ যেমন স্টিকার/লিফলেট প্রস্তুতকরণ ও বিতরণ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>গ. মার্চ বা এপ্রিল ২০২১ মাসের মধ্যে সুবিধাজনক সময়ে তথ্য অধিকার আইন ও এর প্রয়োগ বিষয়ে জনঅবহিতকরণ সভার আয়োজন করতে হবে। | ক. জেলা প্রশাসক, হবিগঞ্জ/মৌলভীবাজার<br>খ. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নেজারত শাখা<br>গ. পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট/সহকারী কমিশনার, সংস্থাপন শাখা |
| **০৪. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:**<br>সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/ জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **০৫. সংশ্লিষ্ট সংস্থার ওয়েব-সাইটেস্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ :**<br>তথ্য অধিকার আইন, ২০০৯এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০এর তফসিল-১ ও তফসিল-২-এ তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে উল্লেখ থাকায় সকল দপ্তরে গৃহীত প্রকল্পের নাম, মেয়াদ, উপকারভোগীদের তালিকাসহ তফসিলে উল্লেখিত তথ্যসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অলোচনা করা হয়। অধ্যক্ষ মদনমোহন কলেজ জানান যে, তাঁর প্রতিষ্ঠানের স্বপ্রণোদিত তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশিত হওয়ায় সকলের সুবিধা হচ্ছে। তিনি সকল দপ্তরকে এ বিষয়ে এগিয়ে আসার আহ্বান জানান। | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০এর তফসিল-১ ও তফসিল-২ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে স্ব- প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(খ) বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে সকল বিভাগীয় দপ্তরসমূহে পত্র প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল দপ্তর<br>(খ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন শাখা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.২৪৩

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার